



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



নম্বর: ৩৭.০১.০০০০.০০২.৪৫.০০৩.২০.১৭

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮

১৫ সেপ্টেম্বর ২০২১

প্রাপক:

- ১) রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)
- ২) রেজিস্ট্রার (সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়)

বিষয়: **MAB Young Scientist Awards (YSA) 2022-এর মনোনয়ন প্রসঙ্গে।**

সূত্র: ৩৭.১৮.০০০০.০০৮.০৮.০০১.১৭.২৩ ২৬ আগস্ট ২০২১

মহোদয়,

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, বৃত্তি, পুরস্কার ও এওয়ার্ড শাখা থেকে প্রেরিত পত্রে UNESCO কর্তৃক MAB Young Scientist Awards (YSA) 2022 এর জন্য বাংলাদেশ হতে মনোনয়ন আহ্বান করা হয়েছে। বর্ণিত পুরস্কারের জন্য মনোনয়নের ক্ষেত্রে প্রার্থীর বয়স অবশ্যই ৩৫ বছরের নীচে হতে হবে এবং MAB Young Scientist Awards (YSA) 2021 এর নির্ধারিত আবেদন ফরমে (ইংরেজী অথবা ফ্রেঞ্চ ভাষায়) বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের মাধ্যমে আবেদন করতে হবে। Man and the Biosphere (MAB) Programme অথবা সম্ভাব্য biosphere reserve সংক্রান্ত বিষয়ে যাদের গবেষণা ও প্রকল্প রয়েছে তাঁদের এ পুরস্কারের জন্য বিবেচনার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। MAB Young Scientist Awards (YSA) 2022 সম্পর্কিত যাবতীয় তথ্য ও আবেদন ফরম <https://en.unesco.org/mab/awards#young-scientist> -ওয়েব সাইটে পাওয়া যাবে।

০২। নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক সকল কাগজপত্রের ইলেক্ট্রনিক কপি এবং হার্ড কপি (দুই সেট) আগামী ১৯ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে (১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫) প্রেরণ করার অনুরোধ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়টি বহল প্রচারের জন্য আপনার বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট, কেন্দ্রীয় এবং বিভাগসমূহের নোটিশবোর্ডে প্রদর্শন সহপ্রয়োজনীয় কার্যার্থে আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

১৫-৯-২০২১

সুরাইয়া ফারহানা


উপ-পরিচালক

নম্বর: ৩৭.০১.০০০০.০০২.৪৫.০০৩.২০.১৭/১(৪)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
- ২) উপ-পরিচালক/ সিস্টেম এনালিস্ট, ইনফরমেশন ম্যানেজমেন্ট শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৩) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



১৫-৯-২০২১

মোঃ মামুন

সহকারী পরিচালক